

০৫।

**রাজশাহী জাতিবিদ্যালয়
পরীক্ষার ফল : পাসের
হার ৩২ দশমিক ১ ভাগ**

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)
রাজশাহী, ২৮শে জুন।—রাজ-
শাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮২
সালের ডিসেম্বরে অনুষ্ঠিত বিএসসি
(পাস) ও বিএসসি (সার্বসিডিমারী)
পরীক্ষার ফল আজ প্রকাশ করা
হয়েছে।

বিএসসি (পাস) পরীক্ষায় মোট
পাঁচ হাজার ৩১৭ জন পরীক্ষার্থী
অংশগ্রহণ করেন। এর মধ্যে এক
হাজার ছয় জন কৃতকার্ণ হন। এদের
মধ্যে তিনজন প্রথম বিভাগে, ৩২৯
জন দ্বিতীয় বিভাগে এবং ১৩৭৪ জন
তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন। পাসের
হার শতকরা ৩২ দশমিক এক ভাগ।

বিএসসি (পাস) পরীক্ষায় শাহ-
জাদপুর কলেজের দীপক কুমার
বিশ্বাস (রোল ১৩৮৫২), ঝিনাইদহ
সরকারী কেশব চন্দ্র কলেজের মোহা
ম্মদ তৌফিকুল আলম (রোল
১৫১৩১) এবং চুয়াডাঙ্গা সরকারী
কলেজের মোঃ হাবিবুর রহমান (রোল
১২১৬৯) প্রথম বিভাগে উত্তীর্ণ হন।
ভিনি গণিতে বিশেষ কৃতিত্বের
(শেষ পৃঃ ৫-এর কঃ দঃ)

বিএসসি পরীক্ষা

(১ম পঃ পর)
পরিচয় দিয়েছেন।
বিএসসি সার্বসিডিমারী পরীক্ষায়
মোট ৮৪৮ জন ছাত্রছাত্রী পরীক্ষা
দেন। তাদের মধ্যে ৪৭৭ জন সক্ষম
হয়েছেন। পাসের হার শতকরা ৫৬
দশমিক ২৫ ভাগ।